SHAKTI™
নারীর ক্ষমতায়নে শক্তি

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি(এম আর এ)
সনদ নং
০০১৭৬-০০০৫৯-০০০১৮

# শক্তি বার্তা

শক্তি বার্তা - ডিসেম্বর, ২০২৫

## বাংলাদেশ এনার্জি কনফারেন্স ২০২৫-এ সহ-আয়োজক হিসেবে শক্তি ফাউন্ডেশন




বাংলাদেশ এনার্জি কনফারেন্সে সহ-আয়োজক হিসেবে অংশগ্রহণ করেছে শক্তি ফাউন্ডেশন। সম্মেলনে শক্তি ফাউন্ডেশনের উপ-নির্বাহী পরিচালক জনাব ইমরান আহমেদ “RE Expansion and Employment: Role of Youths” শীর্ষক একটি প্যানেল আলোচনা পরিচালনা করেন। আলোচনায় বক্তারা বলেন, বাংলাদেশের নবায়নযোগ্য জ্বালানি খাত তরুণদের কর্মসংস্থান সৃষ্টিতে গুরুত্বপূর্ণ সম্ভাবনা তৈরি করছে। এ সম্ভাবনাকে বাস্তবে রূপ দিতে সমন্বিত পরিকল্পনা, উপযুক্ত প্রণোদনা এবং কার্যকর বাস্তবায়ন নিশ্চিত করার বিষয়টিতে তারা বিশেষ গুরুত্ব আরোপ করেন। ৬–৮ ডিসেম্বর ২০২৫ তারিখে বাংলাদেশ মিলিটারি মিউজিয়ামে অনুষ্ঠিত এই সম্মেলনটি আয়োজন করেছে বেসরকারি উন্নয়ন সংস্থার সমন্বিত জোট বাংলাদেশ ওয়ার্কিং গ্রুপ অন ইকোলজি অ্যান্ড ডেভেলপমেন্ট (BWGED)।

## শক্তি ফাউন্ডেশন ও ইউসেপ বাংলাদেশের মধ্যে সমঝোতা স্মারক




নারীর ক্ষমতায়নে তিন দশকেরও বেশি সময় ধরে কাজ করে আসছে শক্তি ফাউন্ডেশন। এর ধারাবাহিকতায় কিশোরীদের আর্থ–সামাজিক উন্নয়নে নতুন পদক্ষেপ হিসেবে ইউসেপ বাংলাদেশের সঙ্গে অংশীদারিত্বে যুক্ত হলো প্রতিষ্ঠানটি। ৩০ নভেম্বর ২০২৫ তারিখে শক্তি ফাউন্ডেশনের প্রধান কার্যালয়ে সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। শক্তি ফাউন্ডেশনের পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন জনাব মোঃ শরীফুল ইসলাম, হেড অব অ্যাসেট ডেভেলপমেন্ট অ্যান্ড ম্যানেজমেন্ট ও ট্রেনিং ডিপার্টমেন্ট। ইউসেপ বাংলাদেশের পক্ষে স্বাক্ষর করেন ইঞ্জিনিয়ার সৈয়দ নাজিম ওবায়েদ, আঞ্চলিক ব্যবস্থাপক, ইউসেপ ঢাকা উত্তর অঞ্চল। এই অংশীদারিত্বের মাধ্যমে শক্তি ফাউন্ডেশনের সদস্য, তাদের কিশোরী সন্তান এবং কমিউনিটির অন্যান্য কিশোরীদের জন্য পেশাভিত্তিক প্রশিক্ষণের সুযোগ আরও বিস্তৃত হবে। এর ফলে কর্মসংস্থান বৃদ্ধি, দক্ষতা উন্নয়ন এবং জেন্ডার সমতা প্রতিষ্ঠায় নতুন দিগন্ত উন্মোচিত হবে। উল্লেখ্য, ইউসেপ বাংলাদেশ দীর্ঘদিন ধরে দেশের সুবিধাবঞ্চিত শিশু ও কিশোরদের শিক্ষা, কারিগরি প্রশিক্ষণ ও কর্মসংস্থানে সমতা নিশ্চিত করতে কাজ করে আসছে। স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শক্তি ফাউন্ডেশনের উপ-নির্বাহী পরিচালক জনাব ইমরান আহমেদসহ প্রতিষ্ঠানের অন্যান্য ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। পাশাপাশি ইউসেপ বাংলাদেশের কর্মকর্তারাও অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। উভয় প্রতিষ্ঠান ভবিষ্যতে যৌথ উদ্যোগের মাধ্যমে কমিউনিটিতে কিশোরী ও নারীদের ক্ষমতায়ন, সৃজনশীল কর্মসংস্থান এবং টেকসই আয়ের সুযোগ বৃদ্ধিতে একসঙ্গে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করে।

## ব্রেস্ট ক্যান্সার সচেতনতা ও স্বাস্থ্যসেবা বিষয়ক মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত






নারীদের স্বাস্থ্যসেবা নিশ্চিত করা এবং ব্রেস্ট ক্যান্সার বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে শক্তি ফাউন্ডেশন ৯ ডিসেম্বর ২০২৫ তারিখে কুতুবজম ইউনিয়নের বুজুরুক পাড়া, মহেশখালীর এক্সিলারেট শক্তি হাসপাতালে একটি ব্রেস্ট ক্যান্সার স্ক্রিনিং ক্যাম্প আয়োজন করে। এই ক্যাম্পে ৫ জন বিশেষজ্ঞ চিকিৎসকের তত্ত্বাবধানে বিভিন্ন বয়সের ১৫০ জন নারীকে বিনামূল্যে স্ক্রিনিং, চিকিৎসা পরামর্শ এবং প্রয়োজনীয় ওষুধ প্রদান করা হয়; উদ্যোগটি স্থানীয় নারীদের মধ্যে ব্রেস্ট ক্যান্সার সম্পর্কে সচেতনতা বৃদ্ধি, প্রাথমিক পর্যায়ে রোগ শনাক্তকরণ এবং সহজে স্বাস্থ্যসেবা প্রাপ্তির সুযোগ নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। নারীদের সুস্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিতকরণে শক্তি ফাউন্ডেশনের এ উদ্যোগ ভবিষ্যতেও অব্যাহত থাকবে;

## শক্তি ফাউন্ডেশন ও এসিড সারভাইভারস ফাউন্ডেশনের মধ্যে সমঝোতা স্মারক




আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষকাল (২৫ নভেম্বর-১০ ডিসেম্বর) উপলক্ষে শক্তি ফাউন্ডেশন এবং এসিড সারভাইভারস ফাউন্ডেশন নতুন সহযোগিতার পথে অগ্রসর হলো। এসিডসহ যেকোনো সহিংসতায় দগ্ধ ব্যক্তিদের পেশাগত দক্ষতা উন্নয়ন, স্বাস্থ্যসেবা এবং প্রয়োজনীয় সহায়তা প্রদানে দুই প্রতিষ্ঠান ভবিষ্যতে যৌথভাবে কাজ করবে। এই গুরুত্বপূর্ণ অংশীদারিত্বের আনুষ্ঠানিক সূচক হিসেবে ৩০ নভেম্বর ২০২৫ তারিখে শক্তি ফাউন্ডেশনের প্রধান কার্যালয়ে সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এসিড সারভাইভারস ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক সামিয়া আহমেদ এবং শক্তি ফাউন্ডেশনের উপ-নির্বাহী পরিচালক জনাব ইমরান আহমেদসহ উভয় প্রতিষ্ঠানের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

## মোবাইল হেলথ ক্লিনিক পরিদর্শনে অস্ট্রেলিয়ান হাই কমিশনার




বাংলাদেশে নিযুক্ত অস্ট্রেলিয়ান হাই কমিশনের মান্যবর হাই কমিশনার মিস সুজান রাইল ২২ ডিসেম্বর ২০২৫ কুমিল্লার গৌরীপুরে শক্তি ফাউন্ডেশনের একটি মোবাইল হেলথ ক্লিনিক ক্যাম্প পরিদর্শন করেন। এ সময় তিনি মোবাইল হেলথ ক্লিনিকের মাধ্যমে গ্রাম পর্যায়ে সাধারণ মানুষের কাছে কীভাবে স্বাস্থ্যসেবা পৌঁছে দেওয়া হচ্ছে, তা পর্যবেক্ষণ করেন। শক্তি ফাউন্ডেশনের ডেপুটি এক্সিকিউটিভ ডিরেক্টর জনাব ইমরান আহমেদ কর্মসূচির উদ্দেশ্য, কার্যক্রম এবং সুবিধাবঞ্চিত মানুষের জন্য প্রদত্ত সেবা কার্যক্রমের বাস্তব চিত্র সংক্ষেপে তুলে ধরেন। স্বাস্থ্যকর্মী ও স্থানীয় মানুষের সঙ্গে কথা বলে মান্যবর হাই কমিশনার সন্তোষ প্রকাশ করেন এবং প্রান্তিক জনগোষ্ঠীর কাছে জরুরি স্বাস্থ্যসেবা পৌঁছে দেওয়া এই উদ্যোগটির ভূয়সী প্রশংসা করেন।

## উপজেলা দিবস উপলক্ষে তিতাসে শক্তি ফাউন্ডেশনের উন্নয়ন মেলা




গত ২৫ ডিসেম্বর ২০২৫ সমৃদ্ধি কর্মসূচির আওতায় শক্তি ফাউন্ডেশন কুমিল্লার তিতাস উপজেলার কড়িকান্দি ইউনিয়নে "উপজেলা দিবস" উপলক্ষে বর্ণিল উন্নয়ন মেলার আয়োজন করে। মেলায় ছিল ম্যারাথন দৌড় প্রতিযোগিতা এবং এর পাশাপাশি শীতকালীন পিঠা, দেয়ালিকা, চিত্রাঙ্কন, স্বাস্থ্যসেবা, মিষ্টি ও ঘরোয়া আচারসহ বিভিন্ন স্টল। দর্শনার্থীদের বিনামূল্যে প্রাথমিক স্বাস্থ্যসেবাও প্রদান করা হয়। মেলা পরিদর্শন করেন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, প্রাণীসম্পদ কর্মকর্তা, জিনিয়াস স্কুল অ্যান্ড কলেজের প্রধান শিক্ষকসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ। শেষে ম্যারাথন প্রতিযোগিতাসহ স্টল প্রদর্শনী ও স্বাস্থ্যসেবা প্রদানে অবদান রাখা ব্যক্তি ও উদ্যোক্তাদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। দিনব্যাপী আয়োজনে ছিল উৎসবমুখর পরিবেশ ও স্থানীয় জনগণের প্রাণবন্ত অংশগ্রহণ।

## একনজরে শক্তি (ডিসেম্বর ৩১, ২০২৫)

বিভাগ: ৮
জেলা: ৫৭
জোন: ৪
রিজিয়ন: ২৭
এরিয়া: ১১৯
ব্রাঞ্চ: ৬০৩

সদস্য: ৫,৬৪,৬৩৯ জন
ঋণী: ৪,৪৯,৫৩৪ জন

সঞ্চয় স্থিতি: ১,৪৯২ কোটি

ঋণস্থিতি: ৩,২০৮ কোটি টাকা

কর্মী সংখ্যা: ৫,২০০ জন

মেডিকেল অ্যাসিস্ট্যান্ট: ৯৭ জন

প্রধান কার্যালয়
শক্তি ভবন, বাড়ি নং-০৪,
রোড নং-০১, ব্লক-এ, সেকশন-১১
মিরপুর,পল্লবী,ঢাকা - ১২১৬

+৮৮ ০৯৬১৩-৪৪৪১১১
+৮৮ ০২-৫৮০৫২০৩১
+৮৮ ০১৮১৯৮৫০১৪৮

shakti.org.bd
/SFDWbd
/company/sfdwbd